নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যুহরের পূর্বে চার রাকাত এবং ফজরের পূর্বে দুই রাকাত সালাত ত্যাগ করতেন না।

উম্মুল মুমিনীন আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত: নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যুহরের পূর্বে চার রাকাত এবং ফজরের পূর্বে দুই রাকাত সালাত ত্যাগ করতেন
না।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আয়িশা রাদিয়াল্লাহু আনহা সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তার ঘরে রীতিমত নফল সালাত আদায় করতেন এবং তা তিনি পরিত্যাগ করতেন না: যুহরের পূর্বে দুই সালামে চার রাকাত এবং ফজরের পূর্বে দুই রাকাত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11249